অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/21/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রোচেস্টারে 64 মিলিয়ন ডলারের সাশ্রয়ী মূল্যের সহায়ক আবাসন বিকাশের ভিত্তিপ্রস্তর স্থাপনের ঘোষণা করেছেন

ঐতিহাসিক Utz and Dunn শু কোম্পানি ভবনের অভিযোজিত পুনর্ব্যবহার কর্মরত পরিবারদের জন্য 123টি এনার্জি-সক্ষম বাড়ি তৈরি করবে

বিনিয়োগের পরিপূরক "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" — কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতির বৃদ্ধি করার জন্য অঞ্চলটির ব্যাপক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে ক্যানাল কমন্সে নির্মাণ করা শুরু হয়েছে, একটি 64 মিলিয়ন ডলারের নির্মাণ যেটি 19 শতকের একটি উৎপাদন ফেসিলিটিকে 123টি সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক অ্যাপার্টমেন্টে রূপান্তর করবে৷ রচেস্টারের সুসান বি. অ্যান্টনি নেইবারহুডে অবস্থিত, ভবনটিতে সহায়ক পরিষেবা সহ 70টি বাড়ি অন্তর্ভুক্ত থাকবে।

গভর্নর হোকল বলেছেন, "ক্যানাল কমন্সের নির্মাণ এই ঐতিহাসিক বাণিজ্যিক ভবনে নতুন প্রাণের শ্বাস ফেলবে এবং সাউথওয়েস্ট রচেস্টারে একটি প্রাণবন্ত কমিউনিটির নোঙর তৈরি করবে। একটি গুরুত্বপূর্ণ স্টেট বিনিয়োগের জন্য ধন্যবাদ, আমরা নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনে সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসনের 123টি ইউনিট আনলক করছি এবং তাদের এমন সরঞ্জাম এবং পরিষেবা সরবরাহ করছি যা তাদের উন্নতি করতে সাহায্য করবে৷ এই প্রকল্পটি আমার প্রশাসনের 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনার একটি মূল উপাদান, এবং আমরা নিরাপদ, আরামদায়ক, এবং কম খরচে আবাসন বিকল্পগুলি অফার করে ক্রয়ক্ষমতার সংকটের মধ্য দিয়ে যাওয়া নিউ ইয়র্কবাসীদের সাহায্য করার জন্য সম্পূর্ণ ভাবে মনোযোগ-কেন্দ্রিভূত করছি।"

ক্যানেল কমন্স হল গভর্নর হোকলের আবাসনকে আরও সাশ্রয়ী, ন্যায়সঙ্গত এবং স্থিতিশীল করার যুগান্তকারী পরিকল্পনার অংশ। সম্প্রতি প্রণীত স্টেট বাজেটে, গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের, পাঁচ বছরের, ব্যাপক আবাসনের পরিকল্পনা সফলভাবে সুরক্ষিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে 10,000 টি হবে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা করা।

মূলত জেমস কানিংহাম অ্যান্ড সন কোম্পানির জন্য 19 শতকে নির্মিত এবং 20 শতকের গোড়ার দিকে Utz and Dunn শু কোম্পানি বিল্ডিং হওয়ার জন্য পুন:সংস্কার করা, এই পাঁচতলা, লাল ইটের তৈরি কাঠামোটি 1910 থেকে 1950 সাল পর্যন্ত জুতার কারখানা হিসেবে কাজ করেছিল। এক দশকেরও বেশি সময় ধরে ভবনটি খালি পড়ে আছে।

166,000 স্কোয়ার-ফুট ভবনটির পুন:সংস্কার তার বিদ্যমান শিল্প চরিত্রকে সম্মান করবে, যার মধ্যে অনেক কাঠামোগত কলামকে উন্মুক্ত রাখা হয়েছে, ঐতিহাসিক খুঁটিনাটি রক্ষণাবেক্ষণ করা হয়েছে, এবং কারখানার প্ল্যাঙ্ক সিলিং পুরো কাঠামো জুড়ে প্রকাশিত করা হয়েছে। কোনো ঐতিহাসিক গুরুত্ব নেই এমন দুটি একতলা ভবন, যা বর্তমানে একটি গ্যারেজ এবং লোডিং ডক হিসেবে কাজ লাগানো হচ্ছে, সেগুলিকে ভেঙে ফেলা হবে।

নির্মাণটিতে একটি স্টুডিও অ্যাপার্টমেন্ট সহ 81টি এক-বেডরুম এবং 41টি দুই-বেডরুমের অ্যাপার্টমেন্ট থাকবে। সমস্ত 123টি অ্যাপার্টমেন্ট এলাকা মাঝারি আয়ের 60 শতাংশ বা তার নিচের আয় সহ পরিবারদের জন্য সাশ্রয়ী হবে৷ যারা চলাফেরা-সম্বন্ধীয় প্রতিবন্ধী তাদের জন্য সতেরোটি ইউনিট এবং শ্রবণ বা দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য পাঁচটি ইউনিট অনুকূলন করা হবে।

গুরুতর মানসিক অসুস্থতা থাকা, মাদক ব্যবহার-সংক্রান্ত ব্যাধি থাকা বা যারা দীর্ঘস্থায়ীভাবে গৃহহীনতার সম্মুখীন হচ্ছেন এমন প্রাপ্তবয়স্কদের জন্য সত্তরটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ মেন্টাল হেলথ (New York State Office of Mental Health) দ্বারা পরিচালিত এবং এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative) এর মাধ্যমে অর্থায়ন করা ভাড়ার ভর্তুকি এবং পরিষেবাগুলিতে বাসিন্দাদের অ্যাক্সেস থাকবে।

পরিষেবাগুলির মধ্যে আর্থিক মামলা ব্যবস্থাপনা, শিক্ষা এবং কর্মসংস্থান কাউন্সেলিং, পিয়ার সাপোর্ট, জীবন দক্ষতা-সম্বন্ধীয় কোচিং এবং সামাজিক কার্যকলাপ অন্তর্ভুক্ত থাকবে। পরিষেবা প্রদানকারী হল ইস্ট হাউস।

ফ্লাওয়ার সিটির সুসান বি. অ্যান্টনি নেইবারহুডে অবস্থিত, সাইটটি রচেস্টারের সেন্ট্রাল ইনার লুপ থেকে এক মাইলেরও কম দূরে রয়েছে, যা বিস্তৃত স্টেট এবং স্থানীয় বিনিয়োগের মাধ্যমে রূপান্তরিত হচ্ছে এবং এটি সিটি বুল এর হেড নেইবারহুডেরও কাছে রয়েছে, যেটি সিটি গভর্নমেন্ট দ্বারা পুনরুজ্জীবিত করার জন্যও উদ্দিষ্ট করা হয়েছে।

ক্যানাল স্ট্রিট অ্যাপার্টমেন্টগুলিকে NYSERDA-এর মাল্টিফ্যামিলি নিউ কনস্ট্রাকশন প্রোগ্রাম (NYSERDA's Multifamily New Construction Program) এর অধীনে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, পরিষ্কার বিল্ডিং উপকরণ এবং সমন্বিত কীটপতঙ্গ ব্যবস্থাপনার ব্যবহার করে বিকাশের সাথে গ্রীন শংসাপত্র দেওয়া হবে। তারা এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স এবং এলইডি লাইটিং, উচ্চ-পারফরম্যান্স স্পেস কন্ডিশনার সরঞ্জাম, জানালা, ইন্সুলেশন এবং এয়ার সিলিং সহ এনার্জি-সক্ষম বৈশিষ্ট্যগুলিও অফার করবে।

ক্যানাল কমন্স ইস্ট হাউস (East House) এবং এমএম ডেভেলপমেন্ট অ্যাডভাইজারস, ইনক. দ্বারা সহ-নির্মাণ করা হচ্ছে।

ক্যানাল কমন্সের জন্য স্টেট অর্থায়নের মধ্যে রয়েছে 2.1 মিলিয়ন ডলার স্থায়ী কর-মুক্ত বন্ড, নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা 20 মিলিয়ন ডলার ইক্যুইটি থেকে এবং 13 মিলিয়ন ডলার NYS HCR-এর সহায়ক আবাসন সুযোগ প্রোগ্রাম থেকে তৈরি করবে। NYS ডিপার্টমেন্ট অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন (NYS Department of Parks, Recreation and Historic Preservation) ফেডারেল এবং স্টেট হিস্টোরিক ইনকাম ট্যাক্স ক্রেডিট অনুমোদন করেছে যা 12.8 মিলিয়ন ডলার ইকুইটি তৈরি করবে। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিসট্যান্স (New York State Office of Temporary and Disability Assistance) গৃহহীন আবাসন সহায়তা কর্মসূচি (Homeless Housing Assistance Program) থেকে 7.4 মিলিয়ন ডলার প্রদান করবে। এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের মাধ্যমে OMH অপারেটিং তহবিল বার্ষিক প্রায় 1.75 মিলিয়ন ডলার প্রদান করছে, সেইসাথে স্ট্যাট-আপ খরচগুলি কভার করতে সাহায্য করার জন্য 335,000 ডলার প্রকল্প বিকাশের জন্য অনুদান করছে।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation) এর ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম (Brownfield Cleanup Program) এর মাধ্যমে সাইটটি সফলভাবে সংশোধিত করা হয়েছে, যা অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করার একটি উপায় হিসাবে পুনঃউন্নয়নকে উন্নীত করতে সহায়তা করে।

গত এক দশকে, HCR প্রায় 6,000 বাড়িকে সমর্থন করার জন্য মনরো কাউন্টিতে 500 মিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে। যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে রচেস্টারের ক্রমবর্ধমান ইনার লুপ এবং পুয়েবলো নুয়েভো ফেজ II-এ সম্প্রতি সমাপ্ত 270, যা এল ক্যামিনো নেইবারহুডে একটি খালি গুদামকে সৃজনশীলভাবে 29টি সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক বাড়িতে রূপান্তরিত করেছে।

নিউ ইয়র্ক স্টেট **ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation) এর** কমিশনার বাসিল সেগোস বলেছেন, "নিউ ইয়র্কের ব্রাউনফিল্ড ক্লিনআপ প্রোগ্রাম একটি শক্তিশালী এবং কার্যকরী হাতিয়ার যা স্টেট জুড়ে প্রাক্তন শিল্প সাইটগুলিকে রূপান্তরিত করতে সাহায্য করে, কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করে এবং জীবনযাত্রার মান উন্নত করে। রচেস্টারের সুসান বি. অ্যান্টনি নেইবারহুডে ক্যানাল স্ট্রিট অ্যাপার্টমেন্টের নির্মাণ, পরিত্যক্ত এবং অব্যবহৃত সম্পত্তিগুলিকে পুনরুদ্ধার, পুনঃবিকাশ এবং ব্যাপকভাবে উন্নত করে নিউ ইয়র্কবাসিদের জন্য সাশ্রয়ী, এনার্জি-সক্ষম এবং আরামদায়ক বাড়িতে রুপান্তর করার গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে শক্তিশালী করে তোলে, বিশেষ করে ঐতিহাসিকভাবে পরিবেশ দূষণের দ্বারা ভারাক্রান্ত কমিউনিটিগুলিতে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশন এর কমিশনার এরিক কুলেসিড বলেছেন, "ক্যানাল কমন্স হল রচেস্টারের ঐতিহাসিক নিকটবর্তী অঞ্চলগুলির মধ্যে একটিতে পুনঃবিনিয়োগ এবং এটি একটি প্রজেক্টের লক্ষ্যে অগ্রসর হতে সাহায্য করতে পারার জন্য ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিটগুলির প্রভাবের একটি দুর্দান্ত অনুস্মারক।

আমি নিউ ইয়র্ক স্টেটে ন্যায়সঙ্গত এবং সাশ্রয়ী মূল্যের আবাসনকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর হোকলের উদ্যোগকে সাধুবাদ জানাই এবং এই ধরনের সহযোগিতামূলক পুনরুজ্জীবন পরিকল্পনাগুলিতে কমিউনিটিগুলির জন্য তাদের ঐতিহাসিক সম্পদগুলিকে অন্তর্ভুক্ত করার সুযোগসমূহ দেখতে পাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিস্ট্যান্ট এর কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিটজ বলেছেন, "গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্বীকার করে যে স্টেট জুড়ে গৃহহীনতা মোকাবেলার জন্য সহায়ক আবাসনই আমাদের প্রচেষ্টার মূল চাবিকাঠি। সম্পূর্ণ হলে, রচেস্টারে 70 জন পূর্বে গৃহহীন ব্যক্তিদের জন্য নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন এবং অনসাইট পরিষেবা প্রদান করে, ক্যানাল কমন্স এই কাজের একটি গুরুত্বপূর্ণ অংশ হবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেছেন, "ক্যানাল কমন্স রচেস্টারের অতীতের একটি গুরুত্বপূর্ণ অংশ সংরক্ষণ করবে এবং ঐতিহাসিক সুসান বি. অ্যান্টনি নেইবারহুডের অধিকাংশে শিল্প এলাকা থেকে একটি প্রাণবন্ত সক্রিয়/কর্ম-সম্বন্ধীয় কমিউনিটিতে রূপান্তরের অভিমুখে অবদান রাখবে। আজ থেকে কাজ শুরু হওয়ার কারণে, 123টি পরিবারের একটি উজ্জ্বল ভবিষ্যত এবং একটি উল্লেখযোগ্য ভবনে একটি সাশ্রয়ী মূল্যের বাড়ি থাকবে৷ সহায়ক পরিষেবাগুলির সাথে 70টি বাড়ির অন্তর্ভুক্তি নিশ্চিত করবে যে নিকটবর্তী অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধি কাউকে পিছিয়ে না রাখে। ইস্ট হাউস এবং এমএম ডেভেলপমেন্ট অ্যাডভাইজারস, ইনক.-এর আমাদের অংশীদারদের ধন্যবাদ এই উন্নয়নে কাজ করার জন্য যা জীবনকে উন্নত করবে এবং একটি কমিউনিটিকে উন্নত করবে।"

নিউইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি এর সভাপতি এবং সিইও ডোরিন এম হ্যারিস বলেছেন, "এই প্রকল্পটি স্টেট জুড়ে আরও বেশি নিউ ইয়র্কবাসীকে সাশ্রয়ী ও এনার্জি সক্ষম বাড়ি প্রদানে সহায়তা করার জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে৷ ক্যানাল স্ট্রিট অ্যাপার্টমেন্টগুলি, যখন তৈরি হয়ে যাবে, তখন সুসান বি. অ্যান্থনি নেইবারহুডের মধ্যে থাকা পরিবারগুলির জন্য অবশ্যই আরও আরামদায়ক থাকার জায়গাগুলি অফার করবে এবং এই ঐতিহাসিক কমিউনিটিকে করম-শক্তি জোগাতে এবং পুনরায় কল্পনা করতে সহায়তা করবে।"

প্রতিনিধি জো মোরেল বলেছেন, "আমদের সকলেরই বাড়ি বলে উল্লেখ করার জন্য একটি নিরাপদ এবং স্থিতিশীল জায়গা প্রাপ্য, কিন্তু সাশ্রয়ী মূল্যের আবাসন খুঁজে পাওয়ার চ্যালেঞ্জ অনেক লোককে আটকে রেখেছে," কংগ্রেসম্যান জো মোরেলে বলেছেন। "ক্যানাল কমন্স শুধুমাত্র আবাসন বৈষম্যের বিরুদ্ধে লড়াই করবে না বরং আমাদের সিটির এই ঐতিহাসিক এলাকাকে শক্তিশালী করবে। আমাদের কমিনিটিতে যাদের এটির সবচেয়ে বেশি প্রয়োজন ছিল তাদের উন্নীত করার উদ্দেশ্যে গভর্নর হোকলের প্রতিশ্রুতিবদ্ধতার জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ এবং আমি সাশ্রয়ী মূল্যের আবাসনের সম্প্রসারণ করতে, আমাদের নিকটবর্তী অঞ্চলগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং মনরো কাউন্টিতে চাকরি তৈরি করার জন্য একসাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে রয়েছি।"

স্টেট সিনেটর জেরেমি কুনি বলেছেন, "আমি স্টেট অংশীদারদের এবং ইস্ট হাউসের নেতৃত্বের জন্য কৃতজ্ঞ যা এই অত্যাবশ্যক ভিত্তিপ্রস্তর স্থাপনকে সম্ভবপর করেছে। ক্যানেল কমন্স একটি ঐতিহাসিক ল্যান্ডমার্ক পুনর্নির্মাণ করার সাথে সাথে, নিরাপদ, সাশ্রয়ী, পরিবেশ-বান্ধব আবাসন এবং বিস্তীর্ণ পরিষেবা প্রদান করে। সুসান বি. অ্যান্টনি নেইবারহুডে জীবনযাত্রার মানের উপর এই 123-ইউনিট সুবিধা কী প্রভাব ফেলবে আমি তার জন্য অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি মেম্বার ডেমন্ড মিকস বলেছেন, "আবাসন নিরাপত্তাহীনতা আমাদের কমিউনিটির মধ্যে একটি দীর্ঘস্থায়ী সমস্যা হয়ে রয়ে গেছে যা বিশ্বব্যাপী মহামারী শুরু হওয়ার কারণে আরও বেড়েছে। ক্যানাল কমন্সের মতো সাশ্রয়ী মূল্যের উন্নয়ন আমাদের পরিবার এবং ব্যক্তিদের জন্য রচেস্টার সিটিতে প্রয়োজনীয় সহায়তা নিয়ে আসবে। এটি একটি কেন্দ্রীভূত অবস্থানে নিরাপদ, মানসম্পন্ন, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান করবে যেখানে অন-সাইট সংস্থানগুলিতে অবিলম্বে অ্যাক্সেস থাকবে। আমাদের ঐতিহাসিক সুসান বি. অ্যান্টনি নেইবারহুডের এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকল এবং আমার স্টেট সহকর্মীদের ধন্যবাদ জানাতে চাই। আমাদের কমিউনিটির সদস্যদের প্রতি তাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি কৃতজ্ঞ।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ অ্যাডাম বেলো বলেছেন, "যখন আমাদের কঠোর-পরিশ্রমী আরও পরিবারগুলি সাশ্রয়ী মূল্যের, উচ্চ-মানের অ্যাপার্টমেন্ট এবং সহায়ক পরিষেবাগুলিতে অ্যাক্সেস পায় যা তাদের উন্নতি করতে সাহায্য করতে পারে, তখন আমাদের সমগ্র কমিউনিটি আরও শক্তিশালী হয়ে ওঠে। মনরো কাউন্টির জনগণ এবং আমাদের জীবনযাত্রার মানের জন্য তাদের অব্যাহত বিনিয়োগের জন্য আমি গভর্নর হোকল এবং হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) কে ধন্যবাদ জানাই।"

রচেস্টারের মেয়র মালিক ডি. ইভান্স বলেছেন, "ক্যানাল কমন্স এর আবাসন নির্মাণ সুসান বি. অ্যান্থনি নেইবারহুডে অনেক প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন নিয়ে আসছে এবং সেইসঙ্গে একটি ঐতিহাসিক ভবনও পুনরুদ্ধার করছে যা একসময় আমাদের কমিউনিটির দুর্ভাগ্যের কারণ ছিল৷ আমি গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, ইস্ট হাউস এবং সেই সকল সংস্থাকে ধন্যবাদ জানাতে চাই যারা রচেস্টারে এই বিনিয়োগ করার জন্য এই প্রকল্পটিকে সমর্থন করেছে৷ আমাদের বাসিন্দাদের নিরাপদ, মানসম্পন্ন এবং সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদান একটি উদ্দীপনা পূর্ণ ভবিষ্যৎ সহ একটি আশা-ভরা শহর তৈরির জন্য আমাদের প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাবে।"

মনিকা সি. ম্যাককুলো, এস্কয়ার, সভাপতি, এমএম ডেভেলপমেন্ট অ্যাডভাইসর, ইঙ্ক., বলেছেন,"রচেস্টার সিটির সবচেয়ে দুর্বল নাগরিকদের জন্য উচ্চ মানের, সত্যিকারের সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদানের পাশাপাশি, ক্যানাল কমন্সে আমাদের কাজ সুসান বি. অ্যান্থনি নেইবারহুডের ঐতিহাসিক ফ্যাব্রিকের জন্য গুরুত্বপূর্ণ একটি ভবন সংরক্ষণ করার সাথে সাথে শিল্প কার্যক্রমের প্রজন্মের ক্ষতিকারক পরিবেশগত প্রভাবকে বিপরীত করবে। ক্যানাল কমন্সের নির্মাণ 200 টিরও বেশি নির্মাণ বাণিজ্য-সম্বন্ধীয় চাকরিকে সমর্থন করবে এবং চলমান ক্রিয়াকলাপগুলি 18টিরও বেশি নতুন পূর্ণ-সময়ের চাকরি তৈরি করবে। সহায়ক আবাসন মানুষ

এবং কমিউনিটি উভয় ক্ষেত্রেই একটি রূপান্তরমূলক বিনিয়োগ। প্রথম প্রজন্মের ওম্যান ওনড বিজনেস এন্টারপ্রাইজ (Woman Owned Business Enterprise, WBE) ডেভেলপমেন্ট কোম্পানির প্রতিষ্ঠাতা হিসেবে, নারী অধিকারকে এগিয়ে নিতে আমাদের দেশের ইতিহাসের কেন্দ্রস্থলে অবস্থিত এমন একটি গুরুত্বপূর্ণ প্রকল্পে অংশগ্রহণ করতে পেরে আমি সম্মানিত।"

স্কট মকুইন, ইস্ট হাউসের ভারপ্রাপ্ত সভাপতি এবং সিইও বলেছেন, "ক্যানাল কমন্স পুনরুদ্ধারের আদর্শ গল্প। একসময়ের কাজ করা এই গুদামটি কয়েক দশক ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে ছিল। এই ভবনটি কী হতে পারে তার দূরদর্শিতা ছিল- মানুষ এবং পরিবারে ভরা উজ্জ্বল, চকচকে অ্যাপার্টমেন্ট- যা ইস্ট হাউসকে এই রূপান্তরমূলক প্রকল্পের নির্মাণকারী এবং প্রকল্পের স্পন্সর হতে অনুপ্রাণিত করেছিল। ক্যানাল কমন্স সাশ্রয়ী মূল্যের আবাসনের ব্যবধানে একটি বড় প্রভাব ফেলবে, বিশেষ করে তাদের জন্য যারা এই কমিউনিটিতে পুনরুদ্ধারের মধ্যে রয়েছেন।"

মার্ক মিগলিয়াচ্চি, চেজ কমিউনিটি ডেভেলপমেন্ট ব্যাঙ্কিংয় (Chase Community Development Banking) এর সহ সভাপতি বলেছেন, "আমরা ক্যানাল কমন্সের উন্নয়নের সাথে ইস্ট হাউস এবং জড়িত অনেক অংশীদারকে সমর্থন করতে পেরে আনন্দিত। একটি নেইবারহুড পুনরুজ্জীবিতকরণের অংশ হওয়া উত্তেজনাপূর্ণ যা কমিউনিটির জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন এবং সহায়ক পরিষেবাগুলিকে অগ্রাধিকার দেয়। চেজ-এ, আমরা এই ধরনের প্রকল্পগুলিকে সমর্থন করতে প্রতিশ্রুতিবদ্ধ যা নিরাপদ, স্থিতিশীল আবাসন তৈরি করে, যা স্বাস্থ্যকর, সমৃদ্ধ নেইবারহুডের একটি মৌলিক উপাদান।"

জোলি মিলস্টেইন, নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন ফর অ্যাফোর্ডেবল হাউজিংয়ের সভাপতি এবং সিইও বলেছেন, "যখন গভর্নর হোকল এই বছর তার নতুন, 25 বিলিয়ন ডলারের পাঁচ বছরের আবাসন পরিকল্পনা প্রণয়ন করেছিলেন, তখন আমরা জানতাম যে ক্যানাল কমন্সের মতো প্রকল্পগুলি, যা রচেস্টারের কেন্দ্রস্থলে একটি ঐতিহাসিক ভবনকে শত শত সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক বাড়িতে পুনরুজ্জীবিত করবে, তা নিউইয়র্ক জুড়ে আদর্শ হয়ে উঠবে। নিউ ইয়র্ক স্টেট, ইস্ট হাউস, এবং এমএম ডেভেলপমেন্ট অ্যাডভাইজারস এর সাথে আমাদের বার্ষিক সম্মেলনের কিক-অফ হিসেবে এই কৃতিত্ব উদযাপন করতে পেরে আমরা গর্বিত। আমরা তাদের প্রকল্পটিকে একটি মডেল উন্নয়ন হিসাবে ধরে রাখি যা স্টেট জুড়ে কমিউনিটিগুলিতে পুনরাবৃত্তি হওয়া উচিত।"

ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন

মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418